

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯৪২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. ফজর ও আসরের নামাযের পর নফল নামায পড়া নিষেধ

بَابُ النَّهٰي عَنِ الصَّلَاةِ بَعْدَ صلَلَةِ الْفَجْرِ وَبَعْدَ صلَلَةِ الْعَصْرِ

আরবী

ثَنَا يَزِيدُ ، ثَنَا مُحَمَّدٌ ، نَا وَكِيعٌ ، نَا أَفْلَحُ بْنُ حُمَيْدٍ ، عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ ، قَالَ : كُنَّا نَأْتِي عَائِشَةَ قَبْلَ صَلَاةِ الْفَجْرِ ، فَأَتَيْنَاهَا يَوْمًا وَهِيَ تُصلِّي ، فَقُلْنَا لَهَا : مَا هَذِهِ الصَّلَاةُ ؟ قَالَتْ : " نِمْتُ عَنْ جُزْئِي اللَّيْلَةَ ، فَلَمْ أَكُنْ لِأَدَعُهُ

বাংলা

৯৪২(৩). ইয়াযীদ (রহঃ) ... আল-কাসেম ইবনে মুহাম্মাদ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা ফজরের নামাযের পূর্বে আয়েশা (রাঃ)-র নিকট আসতাম। একদিন আমরা তার নিকট এলাম, তখন তিনি নামায পড়ছিলেন। অতএব আমরা তাকে জিজ্ঞেস করলাম, এটা কি নামায? তিনি বলেন, ঘুমের কারণে আমি আমার রাতের নফল নামায পড়তে পারিনি এবং আমি তা (তাহাজ্জদ) ছেড়ে দিতে চাই না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কাসিম বিন মহাম্মাদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন